# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৬ | ৭ |

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[দ্রষ্টব্যঃ দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

**১.▶** বগুড়া 'X' নামক অঞ্চলের মাটি খুবই উর্বর। কিন্তু প্রতি বছর Y নদীর পানি ঢুকে এ অঞ্চলে ফসলের ব্যাপক ক্ষতি হয়। নিরুপায় এলাকাবাসী উক্ত অঞ্চলের চেয়ারম্যান আব্দুর রহমানের বাড়িতে একত্রিত হয়। চেয়ারম্যান সাহেব সকলের উদ্দেশ্যে বলেন, প্রাচীনকালেও কোন এক সভ্যতার মানুষেরা এ জাতীয় সংকটের মুখে পড়েছিল। কিন্তু তারা হতাশ না হয়ে নিজেদের উদ্ভাবনী শক্তি দ্বারা এ সমস্যার মোকাবিলা করেছিল।

ক. মেসোপটেমিয়া শব্দের অর্থ কী? ১

খ. হাম্বুরারীর আইন সম্পর্কে যা জান লিখ। ২

গ. বগুড়া 'X' নামক এলাকাবাসী কেন সভ্যতার জ্ঞান কাজে লাগিয়ে এ সমস্যার সমাধান করতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মানব সভ্যতার ইতিহাসে উক্ত সভ্যতার অনেক গুরুত্বপূর্ণ অবদান রয়েছে- বিশ্লেষণ করো। ৪

**২.▶** খালিশপুর প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত একটি গ্রাম। গ্রামে বসবাসরত মানুষগুলো অশিক্ষিত ও বিভিন্ন কুসংস্কারে আচ্ছন্ন। সেখানে গ্রাম্য মোড়লরা সবকিছু নিয়ন্ত্রণ করে। তারা বহু ঈশ্বরে বিশ্বাসী। সেখানে আইন শৃঙ্খলার বালাই নেই। জোর যার মুল্লুক তার এ নিয়ম প্রচলিত। সেখানে মদ, জুয়া, নারী নির্যাতনসহ বিভিন্ন অপকর্ম নির্বিঘ্নে চলত। ফলে সে গ্রামের মানুষের জীবন দুর্বিষহ হয়ে ওঠে।

ক. আল মালা অর্থ কী? ১

খ. হানিফ সম্প্রদায় সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকের সাথে কোন যুগের মিল আছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের সাথে সামঞ্জস্যপূর্ণ যুগের সামাজিক চিত্র ব্যাখ্যা করো। ৪

**৩.▶** X নামক ব্যক্তিটি সমাজের সকলের নিকট শ্রদ্ধার পাত্র। তিনি এলাকার মসজিদের ইমাম নিযুক্ত হওয়ার পর সমাজের সকল অর্থনৈতিক কর্মকাণ্ড বন্ধ করতে সকলের প্রতি আহ্বান জানান। এতে সমাজের এক শ্রেণীর লোকের কাছে তিনি শত্রু হয়ে যান। ফলে এক পর্যায়ে তাকে শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হতে হয়।

http://teachingbd.com

ক. মহানবী (স) কত বছর বয়সে নবুয়ত লাভ করেছিলেন? ১
খ. আকাবার শপথের গুরুত্ব লিখ। ২
গ. উদ্দীপকের সাথে কোন মহাদেশের জীবনের মিল আছে? বর্ণনা করো। ৩
ঘ. উক্ত মহামানবকে শারীরিক ও মানসিক নির্যাতনের কারণগুলো বিশ্লেষণ করো। ৪

৪.▶ আম্মে হাবিবা একজন ইতিহাসের ছাত্রী। তিনি একটি ঐতিহাসিক ঘটনা পড়তে গিয়ে জানতে পারলেন X নামক একজন মহামানব স্বীয় মাতৃভূমি ত্যাগ করে Y নামক শহরে ৬ বছর থাকার পর কিছু অনুসারী নিয়ে ধর্মীয় অনুষ্ঠান পালনার্থে আবার নিজ মাতৃভূমির উদ্দেশ্য রওয়ানা হন পথিমধ্যে তিনি শত্রুপক্ষের দ্বারা বাধাপ্রাপ্ত হন ও তাদের সাথে একটি চুক্তি করে শর্তানুসারে T নামক শহরে আবার ফিরে আসেন।

ক. কত সালে হিজরত সংঘটিত হয়? ১
খ. ওহুদের যুদ্ধে মুসলমানদের পরাজয়ের প্রধান কারণ কি ছিল? ২
গ. উদ্দীপকের চুক্তি দ্বারা তোমার পাঠ্যবইয়ের কোন সন্ধির মিল আছে? বর্ণনা করো। ৩
ঘ. উক্ত সন্ধির ফলাফল মূল্যায়ন করো। ৪

৫.▶ এক ধর্মীয় সভায় বক্তা একজন মহামানবের ধর্ম প্রচারের কথা বলতে গিয়ে তিনি বলেন-মহামানব M নামক স্থানে ধর্মপ্রচার করতে গিয়ে বিরোধীদের নিষ্ঠুরতার শিকার হয়ে রক্তাক্ত অবস্থায় ফিরে এসে শোকে মূহ্যমান হয়ে পড়েন। এ সময় সৃষ্টিকর্তা তাঁর হৃদয়ে সৃষ্ট বেদনাগুলো প্রকাশিত করার জন্য নিজের একান্ত সান্নিধ্যে নিয়ে যান। যা তাঁর জীবনের সবচেয়ে অলৌকিক ও তাৎপর্যপূর্ণ ঘটনা।

ক. বদরের যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘটিত হয়? ১
খ. বিদায় হজ্জের গুরুত্ব লিখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত M স্থান দ্বারা কোন জায়গাকে বোঝানো হয়েছে? এর ঘটনা বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত অলৌকিক ঘটনার তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৬.▶ উম্মে জামিলা X নামক মাজারের নিকট বসবাস করে। তিনি মাজারের মান মর্যাদা ও প্রচুর দেখে নিজের একটি মাজার প্রতিষ্ঠা করে ও কিছু ভক্ত শ্রেণী তৈরি করে। বিষয়টি সরকারের নজরে আসলে সরকার তাকে এটা পরিত্যাগ

http://teachingbd.com

করার নির্দেশ দিলেন। কিন্তু তিনি সরকারের বিরুদ্ধে অবস্থান নেন। তার প্ররোচনায় অনেক ব্যবসায়ীরও সরকারের ট্যাক্স দিতে অস্বীকার করে। ফলে সরকার তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করে।

ক. 'সিদ্দিক' কার উপাধি? ১

খ. মজলিশ-উশ- শুরা গঠনের উদ্দেশ্য কী? ২

গ. উদ্দীপকে ট্যাক্স প্রদানে বিরত থাকা ব্যবসায়ীদের সাথে মদিনার কোন সম্প্রদায়ের সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উম্মে হাবিবার স্বার্থ ও ভন্ড নবী সাজার স্বার্থ একই সূত্রে গাঁথা- বিশ্লেষণ করো। ৪

৭. ▶ খোলাফায়ে রাশেদীন X নামক খলিফার গণতান্ত্রিক আদর্শ ও আরব জাতীয়তাবাদ ছিল তার শাসন ব্যবস্থার মূল নীতি। তিনি একটি পরামর্শ সভা গঠন করেন ও এ সভার পরামর্শক্রমে খেলাফত পরিচালনা করতেন। তিনি শাসনকার্যের সুবিধার্থে সাম্রাজ্যকে বিভিন্ন প্রদেশে বিভক্ত করেন। তিনি ইসলামী রাষ্ট্র ব্যবস্থার বিকেন্দ্রীভূত শাসন ব্যবস্থার ধারণা প্রয়োগ করে রাজনৈতিক প্রজ্ঞার পরিচয় দেন।

ক. ফারুক শব্দের অর্থ কি? ১

খ. হযরত আলী (রাঃ) ও মুয়াবিয়া (রা)- এর দ্বন্দ্বের কারণ কী বর্ণনা করো। ২

গ. উদ্দীপকে উল্লেখিত X খলিফার নাম কী ও শাসন ব্যবস্থার পরামর্শ সভার ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উক্ত শাসনতান্ত্রিক বিকেন্দ্রীকরণ অবস্থা বিশ্লেষণ করো। ৪

৮. ▶ আরিফ ও ও মাইশা উমাইয়া খিলাফতের একজন খলিফা সম্পর্কে কথা বলছিল। আরিফ বলল উমাইয়া খিলাফতের এক প্রখ্যাত খলিফার উল্লেখযোগ্য সংস্কার হলো সরকারি অফিসে আরবি ভাষার প্রচলন, আরবি বর্ণমালার উন্নতি সাধন ও আরবি মুদ্রার প্রচলন। মাইশা আরিফের সাথে একমত পোষণ করে বলেন উক্ত সংস্কার ছাড়াও তিনি অনেক সংস্কারমূলক কাজ করেন।

ক. উমাইয়া খিলাফতের প্রতিষ্ঠাতা কে? ১

খ. 'কুব্বাত আস সাখরা' সম্পর্কে যা জান লিখ। ২

গ. উদ্দীপকে আরিফ কোন খলিফার কথা বলেছেন? বর্ণনা করো। ৩

ঘ. উক্ত খলিফার আরবীকরণ নীতি বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৯.▶ উসমানিয়া প্রতিষ্ঠিত এশিয়া মাউনরের ছোট উসামানিয়া রাজ্যকে সুলতান ২য় মুরাদ ও বিশাল সাম্রাজ্যে পরিণত করেন। তার সৌভাগ্য যে, বেশ কিছু রণনিপুণ্য সেনাপতির কর্মক্ষমতা তিনি কাজে লাগাতে সক্ষম হয়েছিলেন। তিনি তার সাম্রাজ্যকে ইউরোপ, এশিয়া ও আফ্রিকায় বিস্তৃত করে সর্বত্র সুশাসন প্রতিষ্ঠা করেছিলেন।

ক. কোন উমাইয়া খলিফাকে আর্শীবাদের চাবি বলা হয়? ১

খ. মাওয়ালী কারা? ২

গ. উদ্দীপকের সুলতান ২য় মুরাদের সাথে কোন উমাইয়া খলিফার কাজের মিল আছে? বর্ণনা করো। ৩

ঘ. উমাইয়া খলিফাও কি দ্বিতীয় মুরাদের মত সুযোগ্য সেনাপতিদের সহায়তা পেয়েছিলেন? ব্যাখ্যা করো। ৪

১০.▶ ভাগ্য বিপর্যয়ের কারনে আহমদপুরের রফিক সাহেব পুর্বপুরুষের জমিদারী হতে বিতাড়িত হন। তিনি নিজের ঘনিষ্ঠ সহচরদের নিয়ে মামার বাড়িতে আশ্রয় নেন। এখান থেকেই তিনি পূর্ব-পুরুষদের জমিদারীর অংশ বিশেষের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে সক্ষম হন।

ক. স্পেন ও আফ্রিকার মধ্যবর্তী প্রণালীর নাম কী? ১

খ. কুরাইশদের বাজপাখি বলা হয় কাকে ও কেন? ২

গ. উদ্দীপকে রফিক সাহেবের সাথে কোন উমাইয়া যুবরাজের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত যুবরাজ দখলকৃত অঞ্চলে কীভাবে নিজেকে প্রতিষ্ঠা করেন তা বিশ্লেষণ করো। ৪

১১.▶ লুবনা আব্বাসীয় খিলাফতের পতন সম্পর্কে তাঁর নানার কাছে গল্প শুনছিল। ৫০০ বছরের রাজত্বকালের শেষ দিকের কিছু দুর্বল শাসন বিশাল সাম্রাজ্যের অখণ্ডতা ধরে রাখতে সক্ষম হননি। ফলে জনৈক মোগল নেতা কর্তৃক ১২৫৮ খ্রিষ্টাব্দে আব্বাসীয় বংশের পতন ঘটে।

ক. 'মনসুরা' শব্দের অর্থ কী? ১

খ. বাইতুল হিকমা সম্পর্কে যা জান লিখ। ২

গ. উদ্দীপকে জনৈক মোগল নেতা বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কেন বাগদাদ আক্রমণ করেছিলেন? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কারণগুলিই কী আব্বাসীয় বংশের পতনের জন্য দায়ী? তোমার স্বপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. মিশরীয়দের প্রধান দেবতার নাম কী?
ক) খুফু রে খ) রা রে
গ) আমন রে ঘ) শামস রে

২. হাম্মুরাবি কে বিখ্যাত?
ক) আইন সংকলনের জন্যে
খ) বীরত্বের জন্যে
গ) কবিতার জন্যে
ঘ) দানশীলতার জন্যে

৩. সুমেরীয়দের লিখন পদ্ধতির নাম কী ছিল?
ক) হায়ারোগ্লিফিক খ) ইউনিফর্ম
গ) ক্যালিওগ্রাফি ঘ) কিউনিফর্ম

**নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
বিশ্বের শান্তিকামী মানুষকে পৃথিবীর ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত করে তুলেছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধ। এরূপ পরিস্থিতিতে বিশ্ব নেতৃবৃন্দ স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য একটি শক্তিশালী আন্তর্জাতিক প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয়তা অনুভব করেন। যার ফলশ্রুতিতে প্রতিষ্ঠা লাভ করে 'জাতিসংঘ' নামক প্রতিষ্ঠান।

৪. উদ্দীপকের জাতিসংঘ নামক সংস্থাটির সাথে নবী (সঃ) এর প্রতিষ্ঠিত কোন সংগঠনের মিল রয়েছে?
ক) বাইতুল মাল খ) হিলফুল ফুজুল
গ) বাইয়াতে আকাবা ঘ) বাইয়াতুর সাজার

৫. উক্ত সংগঠনের মূল উদ্দেশ্য ছিল—
i. বিদেশি বণিকদের জানমালের নিরাপত্তা বিধান করা
ii. দেশে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠা করা
iii. ইসলাম গ্রহণ করা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. আকাবার দ্বিতীয় শপথ কত সালে হয়েছিল?
ক) ৬১৯ খ) ৬২০
গ) ৬২১ ঘ) ৬২২

৭. আবিসিনিয়ায় হিযরতের ফলে—
i. মুসলমানদের মনোবল বৃদ্ধি পায়
ii. কুরাইশদের মনোবল বৃদ্ধি পায়
iii. চূড়ান্তভাবে হিজরতের সূচনা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
আনিস স্যার নবী (সঃ) এর একটি বিজয় সম্পর্কে বলছিলেন, এমন বিজয় পৃথিবীতে আর দ্বিতীয়টি নেই। সেখানে কোন রক্তপাত হয়নি। যারা তাকে বিতাড়িত করেছল, তাদের তিনি ক্ষমা করে দিয়েছিরেন। পৃথিবীর ইতিহাসে এমন ঘটনা বিরল।

৮. আনিস স্যার কোন বিজয়ের কথা বলেছিলেন?
ক) মক্কা বিজয় খ) সিরিয়া বিজয়
গ) মদিনা বিজয় ঘ) তায়েফ বিজয়

৯. উক্ত বিজয়ের ফলাফল হলো—
i. নবী (সঃ) এর মর্যাদা বৃদ্ধি পায়
ii. আরবরে বাইরে ইসলাম ছড়িয়ে পড়ে
iii. মুসলমানদের আধিপত্য প্রতিষ্ঠিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. মহানবী (সঃ) হুদাইবিয়া থেকে প্রথমে কাকে দূত হিসেবে পাঠান?
ক) আলিকে খ) ওসমানকে
গ) সুহাইলকে ঘ) বুদাইলকে

১১. হযরত আবু বকর (রাঃ) এর উপাধি কী ছিল?
ক) ফারুক খ) সিদ্দিক
গ) সাইফুল্লাহ ঘ) আসাদুল্লাহ

১২. আলি (রাঃ) এর রাজধানী কোথায় ছিল?
ক) কুফায় খ) দামেস্কে
গ) মক্কায় ঘ) মদিনায়

১৩. ওমর (রাঃ) রাষ্ট্রের গুরুত্বপূর্ণ কাজে কেন পরামর্শ গ্রহণ করতেন?
ক) তার জ্ঞান কম ছিল বলে
খ) অন্যদের বেশি জ্ঞানী মনে করতেন বলে
গ) তিনি গণতন্ত্রমনা ছিলেনবলে
ঘ) সকলকে সম্মান করতেন বলে

১৪. নবী (সঃ) কাকে জ্ঞানের দরজা বলেছেন?
ক) হযরত আলীকে খ) হযরত ওসমানকে
গ) হযরত ওমরকে ঘ) হযরত আবু বকরকে

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
রহিমার বাবা একজন গোড়া মুসলমান। তার বাবা তাকে চাকুরি করতে বাধা দেন। কারণ চাকুরি করলে পর্দাহানি হবে। এতে রহিমা বলে যে, পর্দার ভিতরে থেকে সবই করা যায়। কেননা হযরত আয়েশা (রাঃ) একটি যুদ্ধে নিজে তলোয়ার ধারণ করে যুদ্ধ করেছেন।

১৫. উদ্দীপকে কোন যুদ্ধের কথা বলা হয়েছে?
ক) ইয়ামামার খ) ওহুদের
গ) সিফফিনের ঘ) উষ্ট্রের

১৬. উক্ত যুদ্ধের কারণে—
i. মুসলমানদের মধ্যে গৃহযুদ্ধের সূচনা হয়
ii. মুসলমানদের মধ্যে সম্প্রীতি দৃঢ় হয়
iii. প্রশাসনিক রদবদল হয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

Teachingbd.com
http://teachingbd.com

১৭. উমাইয়া খেলাফতে মোট কত জন খলিফা ছিল?
ⓚ ১০ ⓛ ১১
ⓖ ১২ ⓘ ১৪

১৮. ওমর বিন আব্দুল আজীজকে বলা হয়—
i. খলিফাতুস সালেহ
ii. মুজাদ্দেদ আলফে সানি
iii. দ্বিতীয় ওমর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
রফিক ছিলেন এক রাজবংশের প্রতিষ্ঠাতা। আজমলের সাথে তার চুক্তি ছিল যে, পরবর্তীতে তার কাছে ক্ষমতা অর্পন করবেন। কিন্তু তিনি তা না করে তার পুত্রকে উত্তরাধিকারী ঘোষণা করেন। ফলে খেলাফতে রাজতন্ত্র সৃষ্টি হয়।

১৯. উদ্দীপকের রফিকের সাথে কোন শাসকের মিল পাওয়া যায়?
ⓚ মুয়াবিয়ার ⓛ ইয়াজিদের
ⓖ আব্দুল মালেকর ⓘ ওয়ালিদের

২০. উক্ত শাসকের যেসব চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে—
i. রাজনৈতিক প্রজ্ঞা
ii. স্বার্থপরতা
iii. বিশ্বাসঘাতকতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২১. আস সাফ্ফাহ কুফা থেকে কোথায় রাজধানী পরিবর্তন করেন?
ⓚ দামেস্কে ⓛ বাগদাদে
ⓖ আনবারে ⓘ খোরাসানে

২২. আব্বাসীয়দের আন্দোলনে সমর্থন জানায়—
i. মাওয়ালীরা
ii. শিয়ারা
iii. খারেজিরা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

২৩. খোরাসানে আবু মুসলিমের—
i. প্রচণ্ড ক্ষমতা ছিল
ii. ব্যক্তিগত সেনাবাহিনী ছিল
iii. প্রচুর জনপ্রিয়তা ছিল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:
খালিদ ও রেদওয়ান দুই বন্ধু। তারা ছোটবেলায় প্রতিজ্ঞা করে যে তাদের মধ্যে কেউ প্রতিষ্ঠিত হলে একে অন্যকে সাহায্য করবে। পরবর্তীতে রেদওয়ান প্রতিষ্ঠিত হলে খালিদকে সহযোগিতা করলেও খালিদ রেদওয়ানকে সহযোগিতা করেইনি বরং চরমপন্থা অবলম্বন করে রেদওয়ানকে হত্যা করে।

২৪. উদ্দীপকের উক্ত ঘটনা কোন রাজবংশের শাসনামলকে স্মরণ করে দেয়?
ⓚ বার্মেকী ⓛ বুয়াইয়া
ⓖ ইয়ামেনি ⓘ সেলজুক

২৫. উদ্দীপকের খালিদ ও রেদওয়ান প্রতিনিধিত্ব করে—
i. নিজামুল মুলক
ii. হাসান বিন সাবাহ
iii. ফজল বিন রাব্বির
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

২৬. স্পেনের ত্রাণকর্তা বলা হয় কাকে?
ⓚ আঃ রহমান আল গাফেকিকে
ⓛ প্রথম আব্দুর রহমানকে
ⓖ দ্বিতীয় আব্দুর রহমানকে
ⓘ তৃতীয় আব্দুর রহমানকে

২৭. দ্বিতীয় হাকামের পিতার নাম কী?
ⓚ আব্দুল আজিজ ⓛ ১ম আঃ রহমান
ⓖ ২য় আঃ রহমান ⓘ ৩য় আঃ রহমান

২৮. কর্ডোভা সমৃদ্ধ নগরীতে পরিণত হওয়ার কারণ—
i. শিক্ষার উন্নতি
ii. উন্নত নগর পরিকল্পনা
iii. দার্শনিকদের জন্মস্থান হওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব 'ক' একজন খামখেয়ালি শাসক হিসেবে পরিচিতি ফেলেও জ্ঞান-বিজ্ঞানে তার অবদান প্রচুর। তিনি বেশকিছু নীতিমালা প্রণয়ন করেন।

২৯. জনাব 'ক' কোন খলিফার প্রতিনিধিত্বকারী?
ⓚ আল হামিমের ⓛ আল হাদির
ⓖ আল মাহদির ⓘ আল হাকিমের

৩০. উদ্দীপকের আলোকে উক্ত খলিফার অবদান—
i. দারুল হিকমা প্রতিষ্ঠা
ii. বাইতুল হিকমা প্রতিষ্ঠা
iii. মুয়াত্তাম পাহাড়ের মান মন্দির প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ⓖ | ২ | ⓚ | ৩ | ⓘ | ৪ | ⓛ | ৫ | ⓛ | ৬ | ⓖ | ৭ | ⓖ | ৮ | ⓚ | ৯ | ⓘ | ১০ | ⓖ | ১১ | ⓛ | ১২ | ⓚ | ১৩ | ⓖ | ১৪ | ⓚ | ১৫ | ⓘ |
| | ১৬ | ⓖ | ১৭ | ⓘ | ১৮ | ⓖ | ১৯ | ⓚ | ২০ | ⓖ | ২১ | ⓚ | ২২ | ⓘ | ২৩ | ⓖ | ২৪ | ⓘ | ২৫ | ⓛ | ২৬ | ⓘ | ২৭ | ⓘ | ২৮ | ⓛ | ২৯ | ⓚ | ৩০ | ⓖ |

http://teachingbd.com